

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্র বহিষ্কার, ১০ জনকে শো-কজ

বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥  
বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ড, অপহরণ এবং  
বিশ্ববিদ্যালয়ের শৃংখলা ভঙ্গের অভিযোগে  
কর্তৃপক্ষ ২ জন ছাত্রকে বহিষ্কার করিয়াছে  
এবং পূর্বে সাময়িকভাবে বহিষ্কৃত ১০ জন  
ছাত্রকে কর্তৃপক্ষ পুনরায় শোকজ নোটিস  
(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ প্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে (শেষ পৃষ্ঠার পর)

জারি করিয়াছে। গতকাল ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের ডিসিপ্লিনারী বোর্ডের এক  
জরুরী সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

কয়েক মাস পূর্বে এফ রহমান হলে  
ছাত্রলীগের আভ্যন্তরীণ কোমলে  
শুলীর্ষণের ঘটনায় জড়িত থাকার  
অভিযোগে কর্তৃপক্ষ এফ (আন্তর্জাতিক  
সম্পর্ক ২য় বর্ষ) এবং মুরাদকে (রাষ্ট্র বিজ্ঞান  
৩য় বর্ষ) দুই বৎসরের জন্য স্থায়ীভাবে  
বহিষ্কার করিয়াছে।

গত ২৪শে এপ্রিল সূর্যসেন হলের  
ছাত্র সেলিমকে চাপাতি দিয়া কোপানোর  
অভিযোগে সাময়িকভাবে বহিষ্কৃত ৭ জন  
ছাত্রকে শোকজ নোটিস জারি করা  
হইয়াছে। এই ৭ ছাত্র হইল এবিএম জাকির  
(অর্থনীতি ৩য় বর্ষ), শহীদুল ইসলাম  
(ইসলামী শিক্ষা), মোঃ জামাল উদ্দীন  
(সমাজ বিজ্ঞান), খিজির হায়াত টিপু  
(সমাজ বিজ্ঞান), মেহেদী হাসান  
(ব্যবস্থাপনা বিভাগ), নোমান (মহসীন  
হল), খোকন (জহুরুল হক হল) এবং বাকী  
৩ জন হইল শিমুল, শিশির এবং আসিফ।  
এই তিনজন মহসীন হলের ছাত্র।